

# অ্যান্টনি লাভোসিয়ে



২০/৪/৭ - ১৯৮০ হাজার

প্যারিসের ধনী আইনজীবী বাবার সন্তান হিসেবে সবাই ভেবেছিল ছেলেটি আইন ব্যবসায় নাম লেখাবে। কিন্তু সবাইকে হতাশ করে দিয়ে ছেলেটি নাম লেখাল বিজ্ঞানের ইতিহাসে 'আধুনিক রসায়নবিজ্ঞানের জনক' হিসেবে। ১৭৪৩ সালে জন্ম নেওয়া রসায়নবিজ্ঞানের এ পুরোধার নাম অ্যান্টনি লাভোসিয়ে। শুধু রসায়নবিজ্ঞান নয়, আধুনিক জীববিজ্ঞান ও পদার্থবিজ্ঞানে অবদান রেখে গেছেন আঠারো শতকের এই বিজ্ঞানী। প্যারিসের বিখ্যাত মাজারিন কলেজে রসায়ন ছাড়াও উদ্ভিদবিদ্যা, জ্যোতির্বিদ্যা এবং গণিতে শিক্ষা নেন লাভোসিয়ে। ১৭৬৪ সালে প্রথম রসায়নের ওপর নিবন্ধ প্রকাশ করেন। ভূতত্ত্বের ওপর আগ্রহের দরুন তিনি যোগ দেন ফরাসি সার্ভে একাডেমিতে। এখান থেকেই তিনি ১৭৬৯ সালে প্রথম ফ্রান্সের ভৌগোলিক মানচিত্র বৈজ্ঞানিকভাবে প্রকাশ করেন। মাত্র ২৫ বছর বয়সে তিনি ফরাসি একাডেমি অব সায়েন্সের সদস্য নির্বাচিত হন। প্যারিস নগরের রাস্তায় গ্যাসীয় স্ট্রিট ল্যাম্প স্থাপনে তিনি ভূমিকা পালন করেছিলেন। গবেষণাজীবনের শুরুতে তিনি আরেক বিখ্যাত ফরাসি পদার্থবিদ পিয়েরে সিমন ল্যাভাসের সঙ্গে কাজ করেন। ১৭৭৮ সালে তিনি অক্সিজেনের নামকরণ করেন। ল্যাভোসিয়ে রচিত *এলিমেন্টারি ট্রিটজ অন কেমেস্ট্রিক* আধুনিক রসায়নবিজ্ঞানের প্রথম বই হিসেবে অভিহিত করা হয়। ১৭৮৩ সালে তিনি হাইড্রোজেনের নামকরণও করেন। তিনি প্রথম ঘোষণা করেন প্রতিটি এসিডের মধ্যে অক্সিজেনের উপস্থিতি থাকবেই। তিনি যৌগমূলক সম্পর্কেও প্রথম ধারণা দেন। লাভোসিয়ে সালফারকে যৌগ থেকে আলাদা করে প্রথম মৌল হিসেবে স্বীকৃতি দেন। লাভোসিয়ে গিনিপিগের পাকস্থলীর গ্যাসীয় সংক্রমণ নিয়েই গবেষণা করেছিলেন। ফরাসি আইন প্রশাসনে আইনজীবী হিসেবে লাভোসিয়ের প্রভাব লক্ষণীয় ছিল। তিনি সমগ্র ফ্রান্সে মেট্রিক সিস্টেমের প্রচলনে বিশাল ভূমিকা পালন করেন। ১৭৯৪ সালের বসন্তের এক সন্ধ্যায় ফরাসি এই আধুনিক রসায়নবিদ তাঁর গবেষণাগারে কাজ করতে করতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

জাহিদ হোসাইন ●